**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date : 29.04.25** **Desk in Charge : SDG**
**Time : 7.50 PM** **Compiling : S. Biswas**
**DEO : KB** **NR : P. Biswakarma**

Opening Announcement :- আকাশবাণী, খবর পড়ছিঃ-

## বিশেষ বিশেষ খবরঃ-

১/ কলকাতা হাইকোর্ট, উচ্চ প্রাথমিকে নিয়োগের প্রক্রিয়া, SSC-কে ১৬'ই মে-র মধ্যে সম্পন্ন করতে বলেছে।

২/ কলকাতা হাইকোর্ট, আগামীকাল অক্ষয় তৃতীয়ার দিন পূর্ব মেদিনীপুরের কাঁথিতে সনাতনী ধর্ম মহাসভায় শর্ত সাপেক্ষে অনুমতি দিলেও, রাজ্য সরকার তার বিরুদ্ধে ডিভিশন বেঞ্চে আপিল করেছে।

৩/ বিচারপতি বিশ্বজিৎ বসু এবং বিকাশ রঞ্জন ভট্টাচার্যকে জড়িয়ে অবমাননাকর মন্তব্য সহ আইনজীবীদের চেম্বারের সামনে বিক্ষোভের ঘটনাকে কেন্দ্র করে মামলার জেরে কলকাতা হাইকোর্ট তিন সদস্যের বেঞ্চ গঠন করেছে।

৪/ রাজ্যপাল সিভি আনন্দ বোস, 'পশ্চিমবঙ্গ টাউন অ্যান্ড কান্ট্রি পরিকল্পনা ও উন্নয়ন সংশোধনী বিল' সহ রাজ্য বিধানসভায় গৃহীত তিনটি সংশোধনী বিলকে অনুমোদন দিয়েছেন।

৫/ ভুয়ো পাসপোর্ট কাণ্ডের জেরে চলতি মাসের গোড়ায় উত্তর ২৪ পরগনার বিরাটি থেকে ধৃত আজাদ মল্লিক আদতে পাকিস্তানের নাগরিক বলে ইডি দাবি করেছে ।

****************************************************************

২০১৬ সালের স্কুল সার্ভিস কমিশনের পঞ্চম থেকে অষ্টম শ্রেণির নিয়োগ প্রক্রিয়া ১৬ মের মধ্যে সম্পন্ন করতে কলকাতা হাইকোর্ট চূড়ান্ত সময়সীমা বেঁধে দিয়েছে। এই সময়ের মধ্যে নিয়োগ তালিকায় থাকা সমস্ত যোগ্য প্রার্থীকে চাকরি দিতে হবে বলে নির্দেশ দিয়েছেন বিচারপতি তপোব্রত চক্রবর্তী এবং বিচারপতি পার্থসারথী চট্টোপাধ্যায়ের ডিভিশন বেঞ্চ। তা না হলে স্কুল সার্ভিস কমিশনকে আদালত অবমাননার দায়ে পড়তে হবে বলেও জানিয়েছে হাইকোর্ট।

গত বছর আগস্ট মাসে ডিভিশন বেঞ্চ ১৪ হাজার ৫২ জন প্রার্থীকে আট সপ্তাহের মধ্যে নিয়োগের নির্দেশ দিয়েছিল। পরে সুপ্রিমকোর্টও গত বছর অক্টোবর মাসে সেই নির্দেশই বহাল রাখে। কিন্ত স্কুল সার্ভিস কমিশন এখনো ১ হাজার ৪৮২টি শূন্যপদে নিয়োগ সম্পন্ন করতে পারেনি।

এই রায়কে স্বাগত জানিয়ে চাকরী প্রার্থী সুশান্ত ঘোষ বলেন, তাঁরা SSC-র পরবর্তী পদক্ষেপের দিকে তাকিয়ে রয়েছেন।

( বাইট- সুকান্ত )

*****************

কলকাতা হাইকোর্টের বিচারপতি তীর্থঙ্কর ঘোষ, আগামীকাল অক্ষয় তৃতীয়ার দিন পূর্ব মেদিনীপুরের কাঁথি রেলওয়ে ময়দানে সনাতনী ধর্ম মহাসভায় শর্ত সাপেক্ষে অনুমতি দিলেও, রাজ্য সরকার তার বিরুদ্ধে ডিভিশন বেঞ্চে আপিল করেছে৷ কলকাতা উচ্চ ন্যায়ালয়-এর নির্দেশ অনুসারে সকাল আটটা থেকে সন্ধে সাতটা পর্যন্ত প্রস্তাবিত এই সম্মেলনে সর্বোচ্চ ৩ হাজার জন অংশ নিতে পারবেন। তবে, তা হতে হবে, রোটেশনাল পদ্ধতিতে। গত সপ্তাহে এই মামলা শুনানিতে বিচারপতি তীর্থঙ্কর ঘোষ, রাজ্যের অবস্থান জানতে চেয়েছিলেন৷ ওই দিন-ই দীঘায় মুখ্যমন্ত্রীর কর্মসূচী থাকায় এই অনুষ্ঠানের আপত্তি ছিল রাজ্যের। আজ সিঙ্গল বেঞ্চ থেকে অনুমতি পাওয়া গেলেও সেই নির্দেশকে চ্যালেঞ্জ করে ডিভিশন বেঞ্চে গেছে রাজ্য। বিচারপতি সৌমেন সেনের ডিভিশন বেঞ্চের দৃষ্টি আকর্ষণ করা হয়েছে। তবে, এখনও পর্যন্ত চূড়ান্ত কিছু জানা যায়নি।

এদিকে নদীয়ার তেহট্টে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী সাংবাদিকদের বলেন, অক্ষয় তৃতীয়ার পুণ্য তিথিতে সবারই দিনটি পালন করার অধিকার আছে।

( বাইট- শুভেন্দু অক্ষয় তৃতীয়া)

*****************

বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী বলেছেন, পূর্ব প্রতিশ্রুতি মতো আগামীকাল অক্ষয় তৃতীয়ার দিন থেকেই মুর্শিদাবাদ জেলায় সাম্প্রতিক হামলায় ক্ষতিগ্রস্ত হিন্দু মন্দিরগুলির পুনর্নির্মান ও সংস্কারের কাজ শুরু করা হবে। আজ থেকে ধর্মীয় আচারবিধি মেনে মন্দিরগুলি পরিষ্কার করা হচ্ছে। সংস্কারের পর যথাবিহিত নিয়ম মেনে বিগ্রহ প্রতিষ্ঠা করা হবে বলে আজ তিনি সামাজিক মাধ্যমে এক পোস্টে জানিয়েছেন।

*****************

বিরোধী দলনেতা, নদীয়ার এক জনসভায় বলেছেন, পাকিস্তানের সমর্থনে এই বাংলায় বেশ কিছু ফেসবুক পোস্ট করা হচ্ছে। এগুলি বন্ধ হওয়া দরকার। তাঁর অভিযোগ, ভোটের রাজনীতির কারণেই সরকার এই পোস্টগুলির ব্যাপারে কোনো ব্যবস্থা নিচ্ছে না। এদিন তিনি নদীয়ার পাথরঘাটার শহীদ প্যারা কমান্ডো ঝন্টু আলি শেখের পরিবারকে আর্থিক সাহায্য করার জন্য রাজ্য সরকারের উদ্যোগকে স্বাগত জানান।

*****************

কাশ্মীরের পহেলগাঁও-এ জঙ্গীদের হাতে নিহত মনীশ রঞ্জনের বাড়িতে গিয়ে আজ জিজ্ঞাসাবাদ করে জাতীয় তদন্তকারী সংস্থা NIA-এর আধিকারিকরা। ঝালদার বাঘমুন্ডি রোডে তাঁরা নিহতের স্ত্রী দয়া মিশ্র ও তাঁদের ১১ বছরের ছেলের সঙ্গে কথাবার্তা বলেন। এদিন তাঁদের সঙ্গে কথা বলার সময়, জঙ্গীদের একটি পেন্সিল স্কেচ’ও করা হয় বলে জানা গেছে।

*****************

কাশ্মীরে নৃশংস জঙ্গি হামলার প্রতিবাদে আজ পশ্চিম বর্ধমানের দুর্গাপুরের এসবি মোড়ে বিশ্ব হিন্দু সুরক্ষা মঞ্চ বিক্ষোভ দেখায়। নেতৃত্ব দেন বিজেপির জেলা সহ-সভাপতি চন্দ্রশেখর বন্দ্যোপাধ্যায়। তিনি, পাকিস্তানের বিরুদ্ধে কড়া ব্যবস্থার দাবি জানান।

**এদিকে কংগ্রেস আজ পহেলগাঁও-এ পর্যটকদের ওপর জঙ্গী হামলার প্রতিবাদে, উত্তর ২৪ পরগনার বারাসাতের কলোনী মোড় অবরোধ করে। বারাসাত স্টেশন সংলগ্ন অঞ্চল থেকে মিছিল শুরু হয়ে কলোনী মোড়ে পৌঁছনোর পর বেশ কিছুক্ষণের জন্য রাস্তা অবরোধ করা হয়।**

*****************

বিকাশ রঞ্জন ভট্টাচার্য সহ অন্যান্য আইনজীবীদের চেম্বারের সামনে বিক্ষোভের পাশাপাশি বিচারপতি বিশ্বজিৎ বসুর ছবি নিয়ে আপত্তিকর আচরণ করার ঘটনায় কলকাতা হাইকোর্ট, স্বত:প্রণোদিত মামলা দায়ের করেছে। এজন্য বিচারপতি অরিজিৎ ব্যানার্জি, বিচারপতি সব্যসাচী ভট্টাচার্য ও বিচারপতি রাজর্ষি ভরদ্বাজকে নিয়ে গঠন করা হয়েছে তিন বিচারপতির বিশেষ বেঞ্চ।

এব্যাপারে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী মন্তব্য করেন, বিচারপতি রাজশেখর মান্থার অসম্মাননার সময় কলকাতা হাইকোর্ট যদি কড়া ব্যবস্থা নিতো, তবে বিচারপতি বসুর অসম্মান করতে উশৃঙ্খল ব্যক্তিরা সাহস পেত না। তিনি আরো বলেন, ঘটনায় যুক্তদের শাস্তি হওয়া উচিত।

*****************

প্রাথমিক, উচ্চ প্রাথমিক সহ রাজ্যের সরকারি এবং সরকারি সাহায্যপ্রাপ্ত বিদ্যালয়গুলিতে আগামীকাল থেকে চলতি বছরের গ্রীষ্মের ছুটি শুরু হচ্ছে। দার্জিলিং ও কালিম্পং বাদে রাজ্যের সব জেলার বিদ্যালয়ে এই নির্দেশ কার্যকর হবে বলে বিদ্যালয় শিক্ষা দপ্তর সূত্রে জানা গিয়েছে। ছুটির পরে স্কুল খুললে ছাত্র-ছাত্রীদের জন্য অতিরিক্ত ক্লাস নিতে হবে বলে শিক্ষক ও শিক্ষা কর্মীদের নির্দেশ দেওয়া হয়েছে। তবে গ্রীষ্মের ছুটি কত দিনের হবে তা নিয়ে নির্দেশিকায় কিছু উল্লেখ করা হয়নি।

*****************

গরমের ছুটিতে দ্বাদশ শ্রেণীর পঠন পাঠন অনলাইনে চালানোর অনুমতি দিয়ে বিজ্ঞপ্তি জারি করেছে উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদ।

আজ সংসদের সভাপতি চিরঞ্জীব ভট্টাচার্য ওই বিজ্ঞপ্তিতে জানিয়েছেন, উচ্চ মাধ্যমিকের তৃতীয় সেমিস্টারের পরীক্ষা হবে আগামী সেপ্টেম্বর মাসে। সেই কারণে ছাত্র ও শিক্ষকরা নিজেদের মধ্যে বোঝাপড়ার ভিত্তিতে অনলাইন ক্লাস করতে পারেন, যাতে অ্যাকাডেমিক সেমিস্টারের পঠন পাঠনে কোনোরকম ক্ষতি না হয়, সেদিকে তাকিয়েই এই সিদ্ধান্ত বলে ওই বিবৃতিতে বলা হয়েছে।

*****************

রাজ্যপাল সিভি আনন্দ বোস রাজ্য বিধানসভায় গৃহীত তিনটি সংশোধনী বিলকে অনুমোদন দিয়েছেন। 'পশ্চিমবঙ্গ টাউন অ্যান্ড কান্ট্রি পরিকল্পনা ও উন্নয়ন সংশোধনী বিল', পশ্চিমবঙ্গ ভূমি সংস্কার ও ভাড়াটিয়া ট্রাইবুনাল সংশোধনী বিল এবং পশ্চিমবঙ্গ ট্যাক্সেশন ট্রাইবুনাল সংশোধনী বিল তিনটিকে তিনি অনুমোদন দিয়েছেন বলে রাজভবনের তরফে এক বিবৃতিতে জানানো হয়েছে। ২০২২ ও ২৩ সালে এই বিলগুলি রাজ্য বিধানসভায় গৃহীত হয়েছিল। এছাড়াও রাজ্যপাল বিধানসভায় আরো একটি নতুন সংশোধনী বিল উপস্থাপনের জন্য সুপারিশ করেছেন। রাজ্যের সংখ্যালঘু কমিশনের গঠন ও পরিচালনার ক্ষেত্রে কিছু রদ বদল আনার লক্ষ্যে তৈরি করা পশ্চিমবঙ্গ সংখ্যালঘু কমিশন সংশোধনী বিলটি বিধানসভায় পেশ করার জন্য রাজ্যপালের অনুমোদন লাভ করেছে।

*****************

ভুয়ো পাসপোর্ট কাণ্ডের জেরে চলতি মাসের গোড়ায় উত্তর ২৪ পরগনার বিরাটি থেকে ধৃত আজাদ মল্লিক আদতে পাকিস্তানের নাগরিক বলে এনফোর্সমেন্ট ডাইরেক্টরেট ইডি দাবি করেছে। অভিযুক্ত আজাদ বাংলাদেশি বলে প্রাথমিক ভাবে জানা গিয়েছিল। তবে আজ কলকাতায় বিচার ভবনে মামলার শুনানির সময় ইডি দাবি করেছে সে আদতে পাকিস্তানি।

কেন্দ্রীয় তদন্তকারী সংস্থার আইনজীবী ভাস্কর বন্দ্যোপাধ্যায় আদালতে জানান, পাকিস্তানি পরিচয় আড়াল করার জন্য সে নিজের বাংলাদেশি পরিচয় ব্যবহার করত। আদালতে ইডির আইনজীবী জানান, ওই অভিযুক্ত প্রায় ১২-১৩ বছর আগে বাংলাদেশ হয়ে ভারতে প্রবেশ করেছিলেন। পরিচয় বদলে এ দেশে ভিসার আবেদন করেছিল সে। অভিযুক্ত দু'টি ভোটার কার্ড এবং একাধিক ড্রাইভিং লাইসেন্স তৈরি করেছিল বলেও আদালতে দাবি কেন্দ্রীয় তদন্তকারী সংস্থার। ইডির দাবি, অভিযুক্ত এক এক দেশে এক এক নামে পরিচিত। তার চারটি জন্ম শংসাপত্রের কথাও জানা গিয়েছে বলে দাবি আইনজীবীর। ইডি জানিয়েছে, অভিযুক্তের সঙ্গে সম্পর্কিত ব্যাঙ্ক অ্যাকাউন্ট থেকে দু'কোটি ৬২ লক্ষ টাকা পাওয়া গিয়েছে।

*****************

অবৈধ অনুপ্রবেশ রুখতে পশ্চিমবঙ্গের দুই ২৪ পরগনার সুন্দরবন অঞ্চলে দেড়শো কিলোমিটার দীর্ঘ উপকূলীয় সীমানা বরাবর নিরাপত্তা ব্যবস্থা জোরদার করা হয়েছে। কেন্দ্র এবং রাজ্য গোয়েন্দা সংস্থা দক্ষিণ ২৪ পরগনার উপকূল লাগোয়া একটি গ্রাম থেকে মহিলা ও শিশু সহ ২৪ জন অবৈধ বাংলাদেশীকে গ্রেফতারের পর এই তৎপরতা আরও বেড়েছে।

জানা গেছে, ভারত ও বাংলাদেশের মধ্যে সক্রিয় মানব পাচার দলের সদস্যদের ধরে তারা এদেশে প্রবেশ করেছিল। আরও বেশ কয়েকজনকে ভারতে নিয়ে আসার পরিকল্পনা চলছিল বলে খবর। গোসাবা ব্লকের ১৩-টি দ্বীপকে এব্যাপারে অত্যন্ত স্পর্শকাতর বলে চিহ্নিত করা হয়েছে। মৎস্যজীবীরা গভীর সমুদ্রে অভিযান চালানোর সময় এই সব দ্বীপে আশ্রয় নেন। গোয়েন্দা দফতরের সঙ্গে উপকূল থানার পক্ষ থেকেও নদীতে নজরদারি বাড়ানো হয়েছে।

*****************

অক্ষয় তৃতীয়ার পূণ্য তিথিতে আগামীকাল, ভক্তদের জন্য গঙ্গোত্রী ও যমুনোত্রী ধাম খুলে যাচ্ছে। এরই সঙ্গে শুরু হচ্ছে এবছরের চারধাম যাত্রা। এই উপলক্ষে উত্তরাখন্ডের উত্তরকাশী জেলায় নিরাপত্তা ব্যবস্থা জোরদার করা হয়েছে।

উল্লেখ্য, গঙ্গোত্রী ও যমুনোত্রী ছাড়াও দোসরা মে কেদারনাথ এবং চৌঠা মে খুলে যাবে বদ্রীনাথ ধাম।

*****************

হাওড়ার গোলাবাড়ি থানা এলাকায় গোপন সূত্রে খবর পেয়ে হাওড়া জেলা পুলিশ ও গোলাবাড়ি থানার পুলিশ, গতকাল মুকারাম কানোরিয়া রোডে, গোয়েল মেডিক্যাল নামে একটি ওষুধের দোকানে তল্লাশী চালিয়ে ১৫৮০ বোতল ফেনসিডিল সিরাপ ও ৫৭৯ গ্রাম নিষিদ্ধ লোমোটিল ট্যাবলেট উদ্ধার করেছে। এই দোকানটির মালিক বিজয় প্রকাশ গোয়েলও অনুকুমার গোয়েলকে গ্রেপ্তার করা হয়েছে ।

*****************

দক্ষিণ ২৪ পরগণার বারুইপুর থানার অর্জুন তলায় অটোর সঙ্গে সিমেন্ট ভর্তি ডাম্পারের মুখোমুখি সংঘর্ষে এক শিশুর মৃত্যু হয়েছে। আহত চারজন।

জানা গেছে, বছর দশেকের অন্বেষা মন্ডল, পিসি ঠাকুমার শেষ কৃত্য সেরে বাবা মা ও দিদির সঙ্গে অটো করে বাড়ি ফিরছিল। সেইসময় ডাম্পারের সঙ্গে মুখোমুখি সংঘর্ষে অটোটি দুমড়ে মুচড়ে যায়। ঘটনাস্থলেই মৃত্যু হয়ে চতুর্থ শ্রেণীর ছাত্রী অন্বেষার। বাকিদের প্রথমে বারুইপুর মহকুমা হাসপাতাল এবং পরে অবস্থার অবনতি হ ওয়ায়, কলকাতার হাসয়াপাতালে স্থানান্তরিত করা হয়।

*****************

শিলিগুড়ির নকশাল বাড়ি ব্লকের বেঙ্গাইজোত এলাকা থেকে মাদক সহ দুজনকে গ্রেপ্তার করেছে পুলিশ। গোপন খবরের ভিত্তিতে গতরাতে অভিযান চালিয়ে শ্যামল সিংহ এবং সহদেব বর্মণ নামে ওই দুজনকে পাকড়াও করা হয়।

ধৃত শ্যামলাল, নকশাল বাড়ি থানায় সিভিক ভলেন্টিয়ার হিসেবে কর্মরত বলে জানা গেছে।

*****************

দিল্লির অরুণ জেটলি স্টেডিয়ামে আজ সন্ধ্যায় আইপিএল ক্রিকেট ম্যাচে কলকাতা নাইট রাইডার্স, দিল্লি ক্যাপিটালসের মুখোমুখি হয়েছে। দিল্লি টসে জিতে কলকাতাকে ব্যাট করতে পাঠিয়েছে।

**কলকাতা শেষ পাওয়া  খবরে চার ওভারে এক উইকেটে ৫৩ রান করেছে।**

*****************************************************************